অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/11/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল NY ক্রিয়েটস অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে আগামী প্রজন্মের গবেষণা ও উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠা করার জন্য 10 বিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব ঘোষণা করেছেন

অ্যালবানি ন্যানোটেক নর্থ আমেরিকার প্রথম এবং একমাত্র সরকারি মালিকানাধীন হাই NA এক্সট্রিম আলট্রাভায়োলেট লিথোগ্রাফি সেন্টার হবে - নিউ ইয়র্কের রাজধানী অঞ্চলে উন্নত সেমিকন্ডাক্টর সংশ্লিষ্ট গবেষণা ও উৎপাদনমুখী ভবিষ্যত বয়ে আসবে

প্রজেক্টটি হাজার হাজার নতুন প্রত্যক্ষ, পরোক্ষ এবং ইউনিয়ন কন্সট্রাকশন কর্মসংস্থানের পাশাপাশি কর্মশক্তি উন্নয়ন এবং টেকসইতার জন্য দৃঢ় প্রতিশ্রুতি সহ রূপান্তরমূলক সুবিধাগুলো উন্মোচন করবে

অংশীদারিত্বে IBM, মাইক্রোন, অ্যাপ্লায়েড ম্যাটেরিয়ালস, টোকিও ইলেক্ট্রন এবং অন্যান্য শিল্প সংশ্লিষ্ট নেত্রীবৃন্দের কাছ থেকে উল্লেখযোগ্যভাবে ব্যক্তিগত বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে যা তাদের গবেষণা ও উন্নয়ন প্রচেষ্টায় অত্যাধুনিক চিপমেকিং প্রযুক্তিকে সমন্বিত করবে

সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং অ্যান্ড ইনোভেশন আপস্টেটের জন্য একটি বৈশ্বিক কেন্দ্র প্রতিষ্ঠার জন্য গভর্নর হোকলের এজেন্ডা প্রস্তুত করে

গভর্নর ক্যাথি হোকল আজ NY ক্রিয়েটস অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্স (NY CREATES’ Albany NanoTech Complex)-এ আগামী প্রজন্মের একটি সেমিকন্ডাক্টর গবেষণা ও উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠার জন্য IBM, মাইক্রোন, অ্যাপ্লায়েড ম্যাটেরিয়ালস, টোকিও ইলেক্ট্রন এবং অন্যান্য সেমিকন্ডাক্টর সংশ্লিষ্ট নেত্রীবৃন্দের সাথে 10 বিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব ঘোষণা করেছেন। অংশীদারিত্বটি একটি অত্যাধুনিক হাই NA এক্সট্রিম আলট্রাভায়োলেট লিথোগ্রাফি সেন্টার নির্মাণে অর্থায়ন করবে - এটি নর্থ আমেরিকার প্রথম এবং একমাত্র সরকারি মালিকানাধীন হাই NA EUV কেন্দ্র - যা বিশ্বের সবচেয়ে জটিল এবং শক্তিশালী সেমিকন্ডাক্টরগুলোর গবেষণা ও উন্নয়নকে সমর্থন করবে। নিউ ইয়র্কের রাজধানী অঞ্চলে আধুনিকায়নমূলক বিনিয়োগের পাশাপাশি, এই অংশীদারিত্ব নিউ ইয়র্ক স্টেটকে দেশের সবচেয়ে উন্নত, সরকারি মালিকানাধীন সেমিকন্ডাক্টর R&D অবকাঠামোর জন্য কেন্দ্রবিন্দু করে তুলবে, নিউ ইয়র্কের প্রযুক্তিগত অর্থনীতির দীর্ঘ-মেয়াদী উন্নতির ধারাকে সমর্থন করবে এবং হাজার

হাজার প্রত্যক্ষ, পরোক্ষ এবং ইউনিয়ন কন্সট্রাকশন কর্মসংস্থান সৃষ্টি করার পাশাপাশি সেগুলো বজায় রাখবে।

"রাজধানী অঞ্চলে উদ্ভাবনীমূলক চিপস গবেষণা চালানোর জন্য এই 10 বিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্বের মাধ্যমে সমগ্র শিল্পকে নিম্নোক্ত বার্তাটি পাঠাতে হবে: নিউ ইয়র্ক ব্যবসার জন্য খোলা আছে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের গ্রিন চিপস (Green CHIPS) আইন থেকে শুরু করে মাইক্রোনের ঐতিহাসিক বিনিয়োগ এবং GO-SEMI তৈরি পর্যন্ত আমরা এখানে নিউ ইয়র্কে সেমিকন্ডাক্টর গবেষণার ভবিষ্যত গড়ে তুলছি। এই শিল্পটি আমাদের স্টেটে বড় ধরনের আঞ্চলিক বিনিয়োগ, অগণিত নতুন কর্মসংস্থান সৃষ্টি এবং কর্মশক্তির উন্নয়ন এবং স্থায়িত্ব প্রতিষ্টার জন্য দৃঢ় প্রতিশ্রুতি দিয়ে সত্যিকারের সুযোগ তৈরি করছে এবং আমার প্রশাসন নিউ ইয়র্ককে একটি বিশ্বব্যাপী চিপমেকিং সুপার পাওয়ার হিসেবে নির্বাচিত এবং শিল্প সংশ্লিষ্ট নেত্রীবৃন্দের সাথে কাজ করা চালিয়ে যাবে।"

এই নতুন উদ্যোগের মাধ্যমে, NY ক্রিয়েটস তার অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে ASML কর্তৃক ডিজাইন এবং তৈরিকৃত একটি হাই NA EUVলিথোগ্রাফি টুল অর্জন এবং ইনস্টল করবে যেখানে মাইক্রোন, IBM, অ্যাপ্লায়েড ম্যাটেরিয়ালস, টোকিও ইলেক্ট্রন এবং অন্যান্য শিল্প সংশ্লিষ্ট অংশীদারগণ এখন পর্যন্ত তৈরি করা সবচেয়ে উন্নত সেমিকন্ডাক্টর সরঞ্জাম ব্যবহার করবে। একবার প্রতিষ্ঠিত হয়ে গেলে, নিউ ইয়র্কের হাই NA EUV কেন্দ্র স্টেটকে উদ্ভাবনী চিপ প্রযুক্তি যা বর্তমানে প্রায় প্রতিটি স্মার্টফোন, ট্যাবলেট, ল্যাপটপ এবং কম্পিউটার সার্ভারকে পরিচালনা করে, সেটির গবেষণা এবং উন্নয়নের জন্য একটি কেন্দ্রস্থল হিসেবে বিবেচনা করবে। কেন্দ্রটি আন্তর্জাতিক অংশীদারিত্বও গড়ে তুলবে কারণ সারা বিশ্বব্যাপী ব্যবসা ছড়িয়ে দেওয়ার জন্য বিশ্ব-বিখ্যাত গবেষণা সংস্থাগুলো এখানে তাদের উপস্থিতি সম্প্রসারিত করে।

পাশাপাশি, এই অংশীদারিত্ব ফেডারেল ন্যাশনাল সেমিকন্ডাক্টর টেকনোলজি সেন্টার (National Semiconductor Technology Center)-এর অধীনে অ্যাঙ্কর হাব স্ট্যাটাস সুরক্ষিত করার জন্য নেতৃস্থানীয় প্রার্থী হিসেবে নিউ ইয়র্ক স্টেটের অবস্থানকে উল্লেখযোগ্যভাবে সমুন্নত করবে যা ফেডারেল চিপস অ্যান্ড সায়েন্স অ্যাক্টের তহবিলে 11 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদান করার একটি সম্ভাবনা।

এই প্রকল্পটি অন্তত 700টি নতুন প্রত্যক্ষ কর্মসংস্থান সৃষ্টি করার পাশাপাশি হাজার হাজার চাকরি ধরে রাখবে, কমপক্ষে 9 বিলিয়ন মার্কিন ডলারের ব্যক্তিগত ব্যয় এবং বিনিয়োগের সুবিধা পাবে এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির সাথে অংশীদারিত্ব সহ প্রতিভা বিকাশের পাইপলাইনগুলোকে সহায়তা ও বিনির্মাণের জন্য উল্লেখযোগ্য প্রতিশ্রুতি পূরণ করবে। অংশীদারগণ কর্মশক্তি উন্নয়ন কর্মসূচির জন্য সহায়তা সম্প্রসারণ বা শুরু করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ, যার মধ্যে রয়েছে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY), রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট এবং অন্যান্য সরকারি ও বেসরকারি কর্মশক্তি উন্নয়ন কার্যক্রম; K-12 বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিত (Science, technology, engineering, and mathematics, STEM) অ্যাকাডেমিক প্রোগ্রাম; প্রশিক্ষণ, ইন্টার্নশিপ ও ইঞ্জিনিয়ারিং এবং এ সম্পর্কিত STEM বিষয়ে আন্ডারগ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট শিক্ষার্থীদের জন্য অভিজ্ঞতামূলক শিক্ষা এবং অ্যাকাডেমিক গবেষণা ভিত্তিক অংশীদারিত্বে বিনিয়োগ।

এছাড়াও NY ক্রিয়েটস এবং শিল্প সংশ্লিষ্ট অংশীদারগণ প্রকল্পের নির্মাণ ও কার্যক্রম পর্যায় জুড়ে বিভিন্ন স্থায়ী প্রতিশ্রুতিতে সম্মত হয়েছে যা নিউ ইয়র্কের শীর্ষস্থানীয় গ্রিন চিপস (Green CHIPS) প্রোগ্রামের সাথে দৃঢ়ভাবে সংযুক্ত, যার মধ্যে রয়েছে গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাসের জন্য সর্বোত্তম প্রযুক্তির ব্যবহার; নবায়নযোগ্য শক্তিতে অগ্রাধিকার, নিউ ইয়র্কের উৎসগুলোর সর্বোচ্চ অগ্রাধিকারের পাশাপাশি প্রোজেক্টের সাথে সম্পর্কিত নতুন ভবনগুলোর জন্য ন্যূনতম গোল্ড LEED স্ট্যাটাস সার্টিফিকেশন অনুসরণ করা। উপরন্তু, অংশীদারগণ টেকসই সেমিকন্ডাক্টর উৎপাদন প্রক্রিয়া, উপকরণ ব্যবহার, বর্জ্য পুনঃব্যবহার ও পুনরুদ্ধার এবং ফ্যাব ডিজাইন সহ R&D কার্যক্রমের প্রাথমিক লক্ষ্য হিসেবে স্থায়িত্বকে সমন্বিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই নতুন ফোকাসের মাধ্যমে, হাই NA EUV কেন্দ্রটি টেকসই এবং পরিবেশ-বান্ধব সেমিকন্ডাক্টর উৎপাদন প্রক্রিয়া এবং প্রযুক্তির বিকাশে বিশ্বব্যাপী শীর্ষ পর্যায়ে উঠতে চেষ্টা করছে।

এই প্রকল্পকে সমর্থন করার জন্য, নিউ ইয়র্ক স্টেট ASML-এর EXE:5200 হাই NA EUV স্ক্যানার কেনার মাধ্যমে হাই NA EUV কেন্দ্র স্থাপন করে অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্স সম্প্রসারণের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে, সেইসাথে NanoFab রিফ্লেকশনের নির্মাণ, 50,000 বর্গফুটের বেশি ক্লিনরুম স্পেসযুক্ত একটি নতুন, অত্যন্ত সজ্জিত বিল্ডিং যা ভবিষ্যত অংশীদারিত্ব কার্যক্রমকে ত্বরান্বিত করতে উৎসাহিত করার পাশাপাশি ন্যাশনাল সেমিকন্ডাক্টর টেকনোলজি সেন্টার (National Semiconductor Technology Center), ন্যাশনাল অ্যাডভান্সড প্যাকেজিং ম্যানুফ্যাকচারিং প্রোগ্রাম (National Advanced Packaging Manufacturing Program) এবং ডিপার্টমেন্ট অব ডিফেন্স মাইক্রোইলেক্ট্রনিক্স কমন্স (Department of Defense Microelectronics Commons) প্রোগ্রামের মতো নতুন উদ্যোগগুলোকে সমর্থন করবে যার সাম্প্রতিকটি কিছুদিন আগে নিউ ইয়র্ক স্টেটে পুরস্কৃত হয়েছে। প্রোজেক্টটি দুই বছরের নির্মাণ পর্বে বর্তমান মজুরিতে 500 থেকে 600 ইউনিয়ন কন্সট্রাকশন জব সৃষ্টি করবে।

NY ক্রিয়েটস-এর অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সকে আরো আধুনিক করার জন্য প্রোজেক্টটি অনেক গুরুত্বপূর্ণ। অ্যালবানি ন্যানোটেকে 50,000 বর্গফুটের অত্যাধুনিক ক্লিনরুম স্পেস প্রতিষ্ঠার পাশাপাশি, এটি প্রত্যাশিত যে এই বিনিয়োগ হাই-NA EUV কেন্দ্র এবং ফেডারেল উদ্যোগের মাধ্যমে অনুপ্রাণিত নতুন এবং চলমান সহযোগিতার এই ধারা দীর্ঘ-মেয়াদী উন্নতিকে বজায় রাখার জন্য ভবিষ্যতের অতিরিক্ত ক্লিনরুম স্পেস নির্মাণের দাড় উন্মোচন করবে।

সিনেট মেজরিটি লিডার চাক শুমার বলেন, "এটি রাজধানী অঞ্চলের জন্য একটি স্মরণীয় দিন। ঐতিহাসিক এই 10 বিলিয়ন মার্কিন ডলারের পাবলিক-প্রাইভেট অংশীদারিত্বের মাধ্যমে আমার চিপস অ্যান্ড সায়েন্স অ্যাক্টের দ্বারা উদ্‌বুদ্ধ, শিল্প এটি সুস্পষ্ট করেছে: অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্স আমেরিকার সেমিকন্ডাক্টর R&D ভবিষ্যতের কেন্দ্রবিন্দু। এই ঐতিহাসিক অংশীদারিত্ব বিশ্বের সবচেয়ে অত্যাধুনিক যন্ত্রপাতিকে আপস্টেট NY অঞ্চলে নিয়ে আসবে, এমন কিছু আবিষ্কার করতে সাহায্য করবে যা বর্তমানে ইঞ্জিনিয়ারগণও ভাবতে পারে না - পাশাপাশি নিশ্চিত করবে যে মার্কিন যুক্তরাষ্ট্র সেমিকন্ডাক্টর উদ্ভাবন এবং উৎপাদনে বিশ্বকে নেতৃত্ব দেবে এবং একটি ন্যানোমিটারের চেয়ে ছোট মাইক্রোচিপ তৈরি করে আমাদেরকে বৈজ্ঞানিক কল্পকাহিনীকে বাস্তবে পরিণত করার কাছাকাছি নিয়ে আসবে যা আমাদের রাজধানী অঞ্চলেই ঘটবে। এই 10 বিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন হলো শত শত নতুন উচ্চ-বেতনের

প্রযুক্তি এবং নির্মাণ সংশ্লিষ্ট কর্মসংস্থান, পাশাপাশি বিজ্ঞানী এবং বিশ্বের শীর্ষস্থানীয় কোম্পানিগুলো তাদের গবেষণা পরিচালনা করার জায়গা হিসাবে রাজধানী অঞ্চলের দিকে অধিকভাবে ঝুঁকছে। আমি চিপস অ্যান্ড সায়েন্স অ্যাক্ট লিখেছি কারণ আমি জানতাম এটি আপস্টেট নিউ ইয়র্কের জন্য আধুনিকতার ছোঁয়া হবে যা আমেরিকার জাতীয় নিরাপত্তা এবং অর্থনৈতিক ভবিষ্যতের জন্য অত্যাবশ্যক এই শিল্পটিকে বিদেশ থেকে দেশে ফিরিয়ে আনার জন্য পুরোপুরি উপযুক্ত। গভর্নর হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্ক শুধুমাত্র ফেডের করা আহ্বানে সাড়াই দেয়নি বরং আপস্টেট NY-এর প্রতিটি কোণায় অভূতপূর্ব বিনিয়োগের মাধ্যমে একটি জাতীয় মডেল তৈরিতে সাহায্য করেছে এবং নিউ ইয়র্ক কিভাবে আগামী প্রজন্মের প্রযুক্তির উন্নয়নে আমাদের দেশকে নেতৃত্ব দিচ্ছে তার সর্বশেষ উদাহরণ হলো আজকের করা ঘোষণাটি।"

সিনেটর কার্স্টেন গিলিব্র্যান্ড বলেন, "অ্যালবানি ন্যানোটেকের এই বিনিয়োগটি সেমিকন্ডাক্টর গবেষণা ও উন্নয়নে বিশ্বব্যাপী শীর্ষস্থানীয় পর্যায়ে নিউ ইয়র্কের অবস্থানকে শক্তিশালী করবে। আগামী প্রজন্মের এই গবেষণা ও উন্নয়নমূলক কেন্দ্রটি পশ্চিম গোলার্ধে তার ধরনের একমাত্র ফ্যাসিলিটি হবে এবং সারা বিশ্ব থেকে বড় বড় ব্যবসায়িক প্রতিষ্ঠানকে আকৃষ্ট করবে, স্টেটের প্রযুক্তিগত অর্থনৈতিক বিকাশ ঘটানোর পাশাপাশি ক্যাপিটাল অঞ্চলে বিলিয়ন বিলিয়ন ফেডারেল বিনিয়োগ বয়ে আনবে। নতুন এই সেমিকন্ডাক্টর সেন্টারটি স্থাপন করা আমাদের জাতীয় নিরাপত্তাকেও শক্তিশালী করবে যা মার্কিন যুক্তরাষ্ট্রকে ঘরে বসেই বিশ্বের সবচেয়ে জটিল এবং শক্তিশালী সেমিকন্ডাক্টর তৈরি করার সুযোগ নিশ্চিত করে। এই অংশীদারিত্বকে সংস্কার করতে দেখে আমি গর্বিত এবং সেমিকন্ডাক্টর গবেষণা ও উৎপাদনে রাজধানী অঞ্চলকে বৈশ্বিক নেতা হিসেবে গড়ে তুলতে কাজ চালিয়ে যাওয়ার অপেক্ষায় রয়েছি।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "আমি দীর্ঘদিন ধরে আমাদের চিপস উৎপাদনে শক্তিশালী বিনিয়োগের জন্য জোর দিয়েছি যাতে আমাদের অভ্যন্তরীণ সাপ্লাই চেইন শক্তিশালী হয়, ভালো বেতনের কর্মসংস্থান তৈরি হয় এবং আমেররিকান ভোক্তদের জন্য খরচ কমানো যায়। আমাদের চিপস ও বিজ্ঞান উদ্যোগের সেই প্রচেষ্টা ও সহায়তার জন্য ধন্যবাদ, যা আমাদের রাজধানী অঞ্চল-ইতোমধ্যে চিপস নির্মাতাদের একটি শক্তিশালী নেটওয়ার্ক, অত্যাধুনিক গবেষণা সুবিদা ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোর আবাসস্থল-এই খাতে দেশকে নেতৃত্ব দেওয়ার জন্য প্রস্তুত, উদ্ভাবনকে চালিত করে এবং আমাদের অর্থনীতিকে শক্তিশালী করে। এই সহযোগিতা উদ্ভাবনের অগ্রণী চেতনার উপর ভিত্তি করে গড়ে উঠেছে যা আমাদের অঞ্চল দীর্ঘ দিন যাবৎ প্রতিনিধিত্ব করে আসছে। যাদের বিশ্বস্ততা এই শিল্পের আরো উন্নয়ন ও প্রবৃদ্ধিকে সক্ষম করছে আমি তাদের সকলের কাছে কৃতজ্ঞ।"

IBM-এর চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা অরবিন্দ কৃষ্ণ বলেন, "নিউ ইয়র্ক স্টেট অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে, IBM ও আমাদের আংশীদারগণ সেমিকন্ডাক্টর গবেষণা ও উন্নয়ন অগ্রগতিতে বিশ্বকে নেতৃত্ব দিচ্ছে যা চিপগুলিকে আরো ছোট, আরো শক্তিশালী ও আরো বিদ্যুৎ সাশ্রয়ী করে তোলে। অ্যালবানি ন্যানোটেকের নতুন হাই NA EUV সেন্টার সেমিকন্ডাক্টর উদ্ভাবনের জন্য একটি শক্তিশালী পাইপলাইন সংরক্ষণ করবে, নিউ ইয়র্ক স্টেটকে সেমিকন্ডাক্টর কর্মদক্ষতার কেন্দ্রে রাখবে, বিশ্বব্যাপী চিপ শিল্পের বৃদ্ধি জোরদার করবে এবং জেনারেটিভ AI এর মত নতুন প্রযুক্তির উৎপাদন চাহিদা মেটাতে সহায়তা করবে। IBM নিউ ইয়র্ক স্টেটকে আমাদের

হোমে কল করতে পেরে গর্বিত এবং সেমিকন্ডাক্টর প্রযুক্তিতে নতুন অগ্রগতির দিকে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগকে সহায়তা করতে পেরে গর্বিত।"

মাইক্রোনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা সঞ্জয় মেহরোত্রা বলেন, "NY ক্রিয়েটসের অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সের হাই NA EUV সেন্টার আমেরিকায় পরবর্তী প্রজন্মের সেমিকন্ডাক্টর গবেষণা ও উন্নয়নকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং নিউ ইয়র্ককে ভবিষ্যতের উদ্ভাবন ও প্রযুক্তির নেতৃত্বের শীর্ষে রাখবে। নিউ ইয়র্ককে আমাদের মেগাফ্যাবের জন্য আদর্শ ভবিষ্যৎ আবাসস্থল গড়ে তোলার অন্যতম মূল কারণ হয় সেমিকন্ডাক্টর উন্নয়ন এবং উৎপাদনে স্টেটের ইতিহাস ও গবেষণা ও উন্নয়ন ইকোসিস্টেম সহযোগিতার শক্তিশালী সুযোগ যা মাইক্রোন আমাদের মেমরি প্রযুক্তি নেতৃত্বের সাথে স্কেল করতে সহায়তা করতে পারে। আমাদের স্টেট ও ফেডারেল অংশীদারদের পাশাপাশি এবং চিপস ও বিজ্ঞান উদ্যেগের গুরুত্বপূর্ণ মূলধন সহায়তার সাথে, আমরা নর্থ আমেরিকার প্রথম ও একমাত্র হাই NA EUV সেন্টারের মাধ্যমে একটি অত্যন্ত দক্ষ টেলেন্ট পাইপ লাইন তৈরি ও প্রশিক্ষণের জন্য অপেক্ষায় রয়েছি।"

সেমিকন্ডাক্টর প্রোডাক্টস গ্রুপের অ্যাপ্লাইড ম্যাটেরিয়ালসের প্রেসিডেন্ট প্রবু রাজা বলেন, "আমরা নিউ ইয়র্ক স্টেটে চিপ তৈরির R&D ইকোসিস্টেমকে শক্তিশালী করতে অব্যাহত বিনিয়োগ দেখে আনন্দিত। অ্যালবানি ন্যানোটেক-এ আমাদের ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং টেকনোলজি অ্যাকসেলারেটর (Materials Engineering Technology Accelerator, META সেন্টার) এ, অ্যাপ্লাইড চিপ কর্মক্ষমতা ও বিদ্যুৎ সাশ্রয় উন্নত করার জন্য নতুন সেমিকন্ডাক্টর উপকরণ, স্থাপত্য ও ডিভাইসগুলির অগ্রদূত হিসেবে গ্রাহকদের সাথে সহযোগিতা করছে। ন্যানোটেক ক্যাম্পাসের পদক্ষেপ এবং সক্ষমতা সম্প্রসারণ নিউ ইয়র্ক স্টেটের সাথে আমাদের দীর্ঘদিনের অংশীদারিত্বকে গড়ে তুলবে এবং পরবর্তী প্রজন্মের চিপ তৈরির প্রযুক্তির ধারণা থেকে বাণিজ্যিকীকরণের সময়কে বৃদ্ধি করার আরেকটি উপায় প্রদান করবে।"

টোকিও ইলেকট্রন (TEL) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা টনি কাওয়াই বলেন, "আমরা অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে নতুন গবেষণা ও উন্নয়ন কেন্দ্রের উদ্বোধনের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের সাথে আমাদের দশকের দীর্ঘ অংশীদারিত্ব অব্যাহত রাখার অপেক্ষায় রয়েছি। হাই NA EUV সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রির সবচেয়ে উন্নত উৎপাদন প্রযুক্তি এবং TEL বিশ্বব্যাপী সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রির উন্নয়নে ŧএবং এই নতুন উন্নয়নের জন্য এই স্থানের উদ্ভাবনে অবদান রাখতে আগ্রহী।"

ASML এর সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা পিটার ওয়েনিংক বলেন, "আমরা গর্বিত যে ASML টুলসগুলো আমাদের গ্রাহকদের বিশ্বের প্রয়োজনীয় চিপগুলি উৎপাদন করতে সক্ষম করে। অত্যাধুনিক হাই NA EUV প্রযুক্তিতে নিউ ইয়র্কের এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ আমাদের ইকোসিস্টেমে উদ্ভাবনকে বৃদ্ধি করবে এবং চিপ নির্মাতাদের ভবিষ্যতে আরো উন্নত চিপগুলো দ্রুত ও আরো সাশ্রয়ী মূল্যে উৎপাদন করার সক্ষমতাকে ত্বরান্বিত করবে।"

নিউ ইয়র্ক স্টেটে একটি বৈশ্বিক সেমিকন্ডাক্টর হাব প্রতিষ্ঠা করা

গভর্নর হোকল সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রির অগ্রগতি ও উদ্ভাবনী ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে আকৃষ্ট করে নিউ ইয়র্ক স্টেটে একটি আধুনিক অর্থনীতি গড়ে তোলার দৃঢ় প্রতিশ্রুতি বজায় রেখেছেন যা এক বিংশ শতাব্দীর ভাল বেতনের কর্মসংস্থান তৈরি করে। 2022 সালের অক্টোবর মাসে, একটি সমৃদ্ধ, টেকসই চিপস ইন্ডাস্ট্রি গড়ে তোলার জন্য নিউ ইয়র্কের প্রথম জাতীয় গ্রিন চিপস (Green CHIPS) আইনে স্বাক্ষরের পরে, গভর্নর সেন্ট্রাল নিউ ইয়র্কে একটি অত্যাধুনিক শীর্ষস্থানীয় মেমরি উৎপাদন ক্যাম্পাস স্থাপনের জন্য মাইক্রোন থেকে ঐতিহাসিক 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ঘোষণা করেছিলেন যা 50,000 কর্মসংস্থান তৈরি করবে। গ্রিন চিপস (Green CHIPS) স্বাক্ষর করার পর থেকে গভর্নর নিউ ইয়র্কে তাদের উপস্থিতি বৃদ্ধি করার জন্য AMD এডওয়ার্ডস ভ্যাকুয়াম ও TTM প্রযুক্তি সহ সেমিকন্ডাক্টর সাপ্লাই চেইনের আরো বেশ কয়েকটি সেমিকন্ডাক্টর নির্মাতা ও কোম্পানি থেকে বড় ধরণের বিনিয়োগের ঘোষণা করেছেন।

2023 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণে গভর্নর হোকল 45 মিলিয়ন মার্কিন ডলারের গভর্নর অফিস অব সেমিকন্ডাক্টর সম্প্রসারণ, উৎপাদন ও ইন্টিগ্রেশন তৈরি করার ঘোষণা দিয়েছিলেন যা ইন্ডাস্ট্রির অগ্রগতি অব্যাহত রাখার জন্য স্টেটের প্রচেষ্টা রক্ষণাবেক্ষণের জন্য গো-সেমি (GO-SEMI) নামে পরিচিত।

নিউ ইয়র্কের অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্স
অলাভজনক নিউ ইয়র্ক সেন্টার ফর রিসার্চ (New York Center for Research), অর্থনৈতিক অগ্রগতি, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স অথবা NY ক্রিয়েটস এর মালিকানাধীন এবং পরিচালিত অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্স নর্থ আমেরিকার সবচেয়ে উন্নত, সর্বজনীন মালিকানাধীন 300 মিমি সেমিকন্ডাক্টর গবেষণা ও উন্নয়ন সুবিধা এবং দুই দশকেরও বেশি সময় ধরে সেমিকন্ডাক্টর উদ্ভাবনের শীর্ষে রয়েছে। সম্প্রতি সাইটটিতে বর্তমান প্রজন্মের EUV লিথোগ্রাফি সরঞ্জাম রয়েছে, যা IBM সম্পতি বিশ্বের প্রথম 2 ন্যানোমিটার চিপ প্রযুক্তি উৎপাদন করতে ব্যবহার করেছে – যা এখন পর্যন্ত সবচেয়ে ছোট উন্নত স্কেল। হাই NA EUV সেন্টার পরবর্তী প্রজন্মের EUV সরঞ্জামগুলো অ্যালবানি ন্যানোটেকে নিয়ে আসবে এবং নিউ ইয়র্ককে আধুনিক সেমিকন্ডাক্টর গবেষণা ও উন্নয়নের কেন্দ্রস্থল হিসেবে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক স্টেট গত কয়েক বছর ধরে অ্যালবানি ন্যানোটেককে নর্থ আমেরিকার সবচেয়ে উন্নত সরকারী মালিকানাধীন সেমিকন্ডাক্টর গবেষণা ও উন্নয়ন কেন্দ্র হিসেবে গড়ে তুলতে বিলিয়ন বিলিয়ন ডলার বিনিয়োগ করছে এবং এটি তার অগ্রগতির পরবর্তী পদক্ষেপ। এই বিনিয়োগ সরাসরি নিউ ইয়র্ক স্টেটকে সেমিকন্ডাক্টর গবেষণা ও উন্নয়নে শীর্ষে নিয়ে যাবে এবং নিউ ইয়র্ক স্টেটকে দেশের সেমিকন্ডাক্টরের রাজধানীতে পরিণত করার জন্য আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখবে। আমরা এটাও নিশ্চিত করছি যে টেকসই ও কর্মশক্তি উন্নয়নের সুযোগগুলো একটি অগ্রাধিকার যাতে পরবর্তী প্রজন্মের নিউ ইয়র্কবাসীরা এই শিল্পে সুযোসমূহের জন্য ভালো অবস্থানে থাকে।"

NY ক্রিয়েটসের প্রেসিডেন্ট ডেভ অ্যান্ডারসন বলেন, "নিউ ইয়র্ক স্টেটকে সেমিকন্ডাক্টর-ভিত্তিক R&D এর কেন্দ্রবিন্দুতে পরিণত করার জন্য গভর্নর হোকলের ভিশন নিঃসন্দেহে নিউ ইয়র্ক এবং আমাদের ইন্ডাস্ট্রি পার্টনারদের আজকের ঐতিহাসিক বিনিয়োগের বাস্তাবায়ন স্বরূপ

ফলপ্রসূ হচ্ছে। এই মূলধনটি বিশ্বের সবচেয়ে উন্নত চরম অতিবেগুনী লিথোগ্রাফি সরঞ্জাম রাখার জন্য NY ক্রিয়েটসের অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে নতুন ন্যানোফ্যাব রিফ্লেকশন বিল্ডিং নির্মাণে সহায়তা করবে। এই ঐতিহাসিক বিনিয়োগের ফলস্বরূপ, গভর্নর হোকলের নেতৃত্বে এবং সিনেটর ও সংখ্যাগরিষ্ঠ নেতা শুমারের অব্যাহত ও অক্লান্ত সহায়তার ফলে, NY ক্রিয়েটস ও আমাদের অংশীদাররা আগামী বছরগুলিতে বিশ্বব্যাপী চিপ উন্নয়নের শীর্ষে আমাদের অবস্থান সুরক্ষিত করবে। এই উন্নয়ন এখানে এবং স্টেট জুড়ে দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধি এবং নতুন কর্মসংস্থানের সুযোগের ক্ষেত্র তৈরি করে, দেশের উদ্ভাবনী অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখে এবং নিশ্চিত করে যে কেন অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্স অত্যন্ত গুরুত্বপূর্ণ জাতীয় সেমিকন্ডাক্টর প্রযুক্তি কেন্দ্রের হোস্ট করার জন্য প্রস্তুত।"

ইমেক এর সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা ভ্যান ডেন হোভ বলেন, "ইমেক অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে স্থাপিত NA EUV সেন্টারকে সহায়তা করতে পেরে আনন্দিত। এই উদ্যোগটি মার্কিন যুক্তরাষ্ট্রে সবচেয়ে উন্নত সেমিকন্ডাক্টর উৎপাদন প্রযুক্তির ইন্ডাস্ট্রিয়াল গ্রহণযোগ্যতাকে গতিশীল করবে, হাই NA EUV প্রবর্তনের জন্য প্রক্রিয়ার বিষয়ে আমূল উদ্ভাবন প্রয়োজন। এটি একটি সক্রিয় উপায়ে অনুমান করার জন্য, ইমেক ASML এর সাথে একটি যৌথ হাই-NA EUV ল্যাব স্থাপন করেছে, যা ফাস্ট হাই—NA স্ক্যানারকে ঘিরে তৈরি করা হয়েছে। গ্লোবাল প্যাটার্নিং ইকোসিস্টেমের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে, আমরা উদ্ভাবন প্রস্তুত করছি এবং প্রযুক্তিটি ঝুঁকিমুক্ত করছি এবং আমরা চিপ স্কেলিং ও পারফরম্যান্সের সীমানাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এই পরিপূরক কৌশলগত প্রচেষ্টায় NY ক্রিয়েটসের অংশীদারদের সাথে কাজ করতে আগ্রহী।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন